সারো Shaaro

শিক্ষা কর্মকর্তাদের জন্য

# সারো: কর্মকর্তার হাতবই

## এলাকার সব স্কুল এক পাতায়, আলাদা রিপোর্ট না চেয়েই

এই বই উপজেলা, জেলা আর সদর দপ্তরের শিক্ষা কর্মকর্তাদের জন্য। কোন স্কুল সারো চালাচ্ছে, কোথায় আগে যাওয়া দরকার, আর কীভাবে সংখ্যা নামাবেন, সব এখানে।

**shaaro.net** সংস্করণ ১ · অক্টোবর ২০২৬ hello@shaaro.net

# সূচিপত্র


১ এক পাতায় সারো

২ লগইন

৩ ড্যাশবোর্ড

৪ স্কুল পর্যন্ত নামা

৫ সংখ্যা নামানো

৬ যা দেখেন, যা দেখেন না

৭ সমস্যা আর প্রশ্ন

অধ্যায় ১

# এক পাতায় সারো

স্কুলের কাজ থেকে আপনার সংখ্যা।

স্কুলে শিক্ষকেরা সারোতে হাজিরা নেন, নম্বর তোলেন, রেজাল্ট শিট বানান। সেই কাজ থেকেই আপনার ড্যাশবোর্ড তৈরি। স্কুলকে আলাদা করে কোনো রিপোর্ট বানাতে হয় না, আপনাকেও চাইতে হয় না।

| সংখ্যা | মানে |
|---|---|
| স্কুল সক্রিয় | যে স্কুলে এই সপ্তাহে অন্তত একজন শিক্ষক সারো চালিয়েছেন |
| সক্রিয় শিক্ষক | এই সপ্তাহে কাজ করেছেন এমন শিক্ষক |
| রেজাল্ট শিট | এই টার্মে অনুমোদিত শিট। সারোর মূল মাপকাঠি এটাই। |
| গড় হাজিরা | গত মাসে স্কুলগুলোর গড় উপস্থিতি |

💡 আপনি স্কুল ধরে মোট সংখ্যা দেখেন। কোনো শিক্ষার্থীর নাম বা নম্বর কখনো দেখেন না।

অধ্যায় ২

# লগইন

একাউন্ট পদের নামে, নিজের নামে না।

কর্মকর্তার একাউন্ট পদের সাথে থাকে। কোড যায় পদের দাপ্তরিক মোবাইলে। বদলি হলে একাউন্ট নতুন কর্মকর্তার কাছে যায়। কেউ নিজে কর্মকর্তা হিসেবে সাইন আপ করতে পারেন না।

১. দাপ্তরিক মোবাইলে আসা লিংকে ট্যাপ করুন।
২. পিন লিখে ঢুকুন। Google একাউন্ট যুক্ত থাকলে সেটাও চলে।
৩. ড্যাশবোর্ড খুলবে আপনার এলাকা দিয়ে।

অধ্যায় ৩

# ড্যাশবোর্ড

ওপরে চারটা সংখ্যা, নিচে এলাকা ধরে তালিকা।




**ছবি ১.** নমুনা জেলা: ১২টা উপজেলা, প্রতিটার সক্রিয় স্কুল আর রেজাল্ট শিট।

ওপরে লেখা কোন স্তরে আছেন: সদর দপ্তর / জেলা / উপজেলা। প্রতিটা স্তরের নিজের ঠিকানা আছে, যেমন **shaaro.net/zila** বা **shaaro.net/zila/nodipar**। এই লিংক সংরক্ষণ করে রাখলে সরাসরি সেখানে খোলে।

## ম্যাপ আর তালিকা

**ম্যাপ** চাপলে প্রতিটা উপজেলা একটা টাইল। সবুজ মানে ৭৫%-এর বেশি স্কুল সক্রিয়, ধূসর মানে ৩৫%-এর কম। কোথায় আগে যাওয়া দরকার, এক নজরে বোঝা যায়।




**ছবি ২.** টাইল ম্যাপ। বটতলা আর তালতলা পিছিয়ে।

অধ্যায় ৪

# স্কুল পর্যন্ত নামা

জেলা থেকে উপজেলা, উপজেলা থেকে স্কুল।

1. তালিকায় একটা উপজেলার **খুলুন** চাপুন, বা ম্যাপে টাইলে ট্যাপ করুন।
2. উপজেলার সব স্কুল পাশাপাশি আসে: শিক্ষক, সক্রিয়, রেজাল্ট শিট, হাজিরা আর স্মার্ট বোর্ড।
3. ওপরের পথে ট্যাপ করে আগের স্তরে ফিরুন।




**ছবি ৩.** নদীপাড় উপজেলা। বর্ণমালা কিন্ডারগার্টেন অস্থায়ী, এখনো রেজাল্ট শিট নেই।

💡 **অস্থায়ী** লেখা স্কুলের EIIN নেই বা এখনো মেলানো হয়নি। সারো টিম ৭২ ঘণ্টার মধ্যে যাচাই করে। কোনো শিক্ষককে বাদ দেওয়া হয় না।

অধ্যায় ৫

# সংখ্যা নামানো

যেকোনো পাতা PDF বা CSV।

যে পাতায় আছেন, নিচের **PDF নামান** বা **CSV** চাপুন। PDF-এ এলাকার নাম আর তারিখ থাকে, সভায় দেওয়ার মতো। CSV খোলে Excel-এ।

স্কুলগুলো **উপজেলায় পাঠান** চাপলে তাদের অফিস রিপোর্ট (ভর্তি, হাজিরা, রেজাল্ট, উপবৃত্তি) আপনার ড্যাশবোর্ডে আসে।

অধ্যায় ৬

# যা দেখেন, যা দেখেন না

শিক্ষার্থীর তথ্য স্কুলের ভেতরে।

| দেখেন | দেখেন না |
| --- | --- |
| স্কুল ধরে সক্রিয় শিক্ষক আর রেজাল্ট শিটের সংখ্যা | কোনো শিক্ষার্থীর নাম |
| গড় হাজিরা | কোনো শিক্ষার্থীর নম্বর বা গ্রেড |
| কোন স্কুলে কয়টা স্মার্ট বোর্ড সারো চালায় | শিক্ষকের লেখা মন্তব্য |

স্কুল চাইলে নির্দিষ্ট তথ্য শেয়ার করতে পারে। তা না হলে সারো কখনো শিক্ষার্থী পর্যায়ের তথ্য ওপরে পাঠায় না।

অধ্যায় ৭

# সমস্যা আর প্রশ্ন

যা প্রায়ই জিজ্ঞেস করা হয়।

### ? আমার এলাকার একটা স্কুল তালিকায় নেই।

স্কুলের কোনো শিক্ষক সারো চালু করলেই স্কুল তালিকায় আসে। EIIN না থাকলে অস্থায়ী হিসেবে আসে।

### ? সংখ্যাগুলো কতক্ষণ পরপর বদলায়?

স্কুলে কাজ জমা হওয়ার সাথে সাথে। নেট না থাকা স্কুলের কাজ নেট এলে যোগ হয়।

### ? বদলি হলে কী হবে?

একাউন্ট পদের সাথে থাকে, নতুন কর্মকর্তা পান। নতুন পদে আপনার জন্য নতুন লিংক আসে।

**shaaro.net** · hello@shaaro.net · পর্দার ছবিতে নাম ও সংখ্যা নমুনা।